

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬২.১৮- ৪৮০


তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : তথ্যকেন্দ্রের জন্য ব্যাংক একাউন্ট খোলা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ৪৯০ টি উপজেলা তথ্যকেন্দ্রের জন্য ৪৯০ জন তথ্যসেবা কর্মকর্তা ও ৯৮০ জন তথ্যসেবা সহকারী নিয়োগ করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি উপজেলা তথ্যকেন্দ্রে ০১ জন তথ্যসেবা কর্মকর্তা ও ০২ জন তথ্যসেবা সহকারী কর্মরত থাকবেন।

২। প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী সংশ্লিষ্ট ৫০টি উপজেলার চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা এবং তথ্যসেবা কর্মকর্তা যৌথভাবে তথ্যকেন্দ্রের ব্যয় অনুমোদন করবেন এবং যৌথভাবে চেক স্বাক্ষর করবেন। প্রকল্পের প্রধান কার্যালয় থেকে প্রেরিত অর্থ তাঁরা যৌথভাবে সরকারী আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক ব্যয় করবেন।

৩। এমতাবস্থায় তথ্যকেন্দ্রের সকল আর্থিক কার্যক্রমের জন্য চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা ও তথ্যসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে তার উপজেলাধীন অগ্রণী ব্যাংকে তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর জন্য “TOTTHO APA DIGITAL BD G (2ND PHASE)” শিরোনামে একটি এসটিডি একাউন্ট খোলার জন্য অনুরোধ করা হল। ব্যাংক একাউন্ট খোলার পর ব্যাংকের নাম ও একাউন্ট নম্বর আবশ্যিকভাবে প্রকল্প অফিস কর্তৃক প্রেরিত গুগল ফরমের (গুগল ফরমটি পরবর্তীতে তাঁর ই-মেইলে সরবরাহ করা হবে) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।


(মীনা পারভীন) ২০/১২/১৮

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৮৩৩২১৩৬

ই-মেইলঃ pd@totthoapa.gov.bd

১। চেয়ারম্যান, উপজেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা
উপজেলাঃ-----, জেলাঃ-----।

২। তথ্যসেবা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)
উপজেলাঃ-----, জেলাঃ-----।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

২। অফিস কপি।